

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ ডিগ্রী ফরমপূরণ-২৩/২০২৪/২৫৮

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১  
১০ ডিসেম্বর ২০২৪

**২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের  
সংশোধিত ও সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫২২২ তারিখ: ০৯/১২/২০২৪ মোতাবেক ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের সময় নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী বৃদ্ধি করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে ফরমপূরণের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ফরমপূরণের যাবতীয় কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থীদের ফরমপূরণ সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করতে হবে।

শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণের আবেদন করার তারিখ	শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম ডিগ্রী শাখায় জমাদানের শেষ তারিখ
১০/১২/২০২৪ হতে ১৫/১২/২০২৪	১৭/১২/২০২৪

**অনুচ্ছেদ-৩ (ঙ):** এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার সর্বসাকুলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।


**সংশোধিত অনুচ্ছেদ-৩ (ঙ):** এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার সর্বসাকুলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে ও ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

(প্রতি বর্ষে ভর্তির সময় ২৫০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

ইতোপূর্বে স্মারক নং-০৫(৫৩০) জাতীয়বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫১৬৭, তারিখ: ০৩/১১/২০২৪ ইং মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

**বিঃ দ্রঃ**

- উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ওয়েব- সাইট [www.nu.ac.bd/](http://www.nu.ac.bd/) [www.nubd.info](http://www.nubd.info) মারফত জানা হবে।
- ফরমপূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফিসহ আবেদন ফরমটি কলেজের ডিগ্রী শাখায় জমা দিতে হবে। অন্যথায় প্রবেশ ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

  
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)  
অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

- উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, দিনাজপুর সরকারি কলেজ
- হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
- অফিস নথি